# উপজেলা পরিষদ কার্যালয়

লালমনিরহাট সদর, লালমনিরহাট

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

**বিষয়: উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের মাসিক সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী।**

সভাপতি : **মো: কামরুজ্জামান সুজন**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

তারিখ : ২৯/০৩/২০২৩খ্রি.

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান :উপজেলা পরিষদ সভাকক্ষ, লালমনিরহাট সদর

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ২৮/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও প: প: বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে এ উপজেলার ৩৮টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সপ্তাহে ০৬ (ছয়)দিন সকাল ৯.০০টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত ২৭ প্রকার ঔষধ বিতরণ, ০৪টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে সপ্তাহে ৬(ছয়) দিন জনসাধারণের মাঝে সেবা প্রদান অব্যাহত রয়েছে এবং মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মীদের মাধ্যমে ২১৬ টি টিকাদান কেন্দ্রে মা, শিশু ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা প্রদানের পাশাপাশি সকল কার্যক্রম প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে অনলাইনে এন্ট্রি করা হচ্ছে। কোভিড-১৯ মোকাবিলায় ০৯(নয়)টি ইউনিয়নে করোনা ভ্যাকসিন পেডিয়াট্রিক ফাইজার ১ম ডোজ ৩১৫ জনকে ও ২য় ডোজ ৩০১৫ জনকে এবং ১২ বছরের উর্দ্ধে ফাইজার ও সিনোফার্ম ভ্যাকসিন ৩য় ডোজ ১২৩ জনকে ও ৪র্থ ডোজ ৫৮ জনকে প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, ভ্যাকসিন সাপলাই না থাকায় স্কুল পর্যায়ের ছাত্রছাত্রীদের মাঝে ভ্যাকসিনেশন কার্যক্রম বন্ধ রয়েছে। পরবর্তীতে সাপ্লাই পেলে প্রদান করা হবে। এছাড়া উপজেলা স্বাস্থ্য বিভাগ থেকে মাঠ পর্যায়ে বিভিন্ন রোগের প্রাদুর্ভাব ও প্রতিকার বিষয়ে নিয়মিত স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হচ্ছে। | ১) এ উপজেলার কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য কর্মীদের টিকাদান কেন্দ্রে মা, শিশু-কিশোর ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদানের পাশাপাশি সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২) স্কুল পর্যায়ের বাদ পড়া ছাত্রছাত্রীদের সঠিক হিসাব নির্নয় করে ভ্যাকসিনের চাহিদা পাঠাতে হবে এবং ভ্যাকসিন প্রাপ্তি সাপেক্ষে ভ্যাকসিনেরশন কার্যক্রম যথা নিয়মে চালাতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে কৃষকদের মাঝে বিতরণের নিমিত্ত প্রণোদনা হিসেবে শুধুমাত্র পাট বীজ ১ কেজি করে ৬০০ জন কৃষককে এবং ১৮০০ জন কৃষকের মাঝে আউশ ধান বীজ ৫কেজি ও ১০ কেজি ডিএপি, এবং ১০ কেজি এমওপি সার সুষ্ঠুভাবে বিতরণ সম্পন্ন হয়েছে। "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য গত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পরিষদ চেয়ারম্যান কোয়াটার এবং বিএডিসির পরিত্যাক্ত ভবনের মধ্যবর্তী ১২০০ বর্গফুট আয়তনের স্থানটি নির্বাচনপূর্বক একটি স্কেচ ম্যাপ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। যার নির্মান কার্যক্রম কিছুদিনের মধ্যেই শুরু হবে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | চলতি খরিপ-১ মৌসুমে কৃষকের মাঝে প্রণোদনার বিতরণকৃত সার ও বীজ যেন কৃষকগণ যথাযথভাবে রোপন/চাষ করেন সে বিষয়ে মাঠ পর্যায়ের উপসহকারী কৃষি কর্মকর্তাগণদের মাধ্যমে নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |

চলমান পাতা-০২

<table>
<tr>
<td>০৩</td>
<td>প্রাণি সম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে মাঠ পর্যায়ে ছাগলের বিভিন্ন রোগ দেখা দিচ্ছে। বিশেষ করে মাঠে কোথাও কোথাও তামাক চাষের কারণে ছাগল তামাকের পাতা খেয়ে বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে। এ বিষয়ে সকলকে সচেতন থাকার অনুরোদ জানান। এছাড়া তিনি নিম্নোক্তভাবে তার বিভাগের বিভিন্ন কার্যক্রমের অর্জনের হার সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>মাসিক লক্ষ্যমাত্রা</th><th>মাসিক অর্জন (অক্টোবর)</th><th>অর্জনের হার</th></tr>
<tr><td rowspan="2">০১</td><td>ক) টিকা প্রদান গবাদি পশু</td><td>৯৪৫০০</td><td>২৫০০</td><td>৯৯.৩৭%</td></tr>
<tr><td>খ) টিকা প্রদান হাঁস মুরগি</td><td>৭৯০০০০</td><td>৬৪৮০০</td><td>৭৫.০৪%</td></tr>
<tr><td rowspan="2">০২</td><td>ক) গবাদি পশু চিকিৎসা</td><td>২৮০০০</td><td>২৩৫৯</td><td>৭৬.০৯%</td></tr>
<tr><td>খ) হাঁস মুরগী চিকিৎসা</td><td>১৭৬০০০</td><td>১৫২৭৫</td><td>৭৮.২২%</td></tr>
<tr><td>০৩</td><td>কৃত্রিম প্রজনন (হিমায়িত)</td><td>৭৪০০</td><td>৫৭০</td><td>৮৫.৪১%</td></tr>
</table>
তিনি সভায় আরো জানান যে, প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের স্কুল মিল্ক ফিডিং কর্মসূচির আওতায় কেন্দ্রীয়ভাবে নির্বাচিত পূর্ব সাপটানা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গত ১৩ মার্চ/২০২৩ তারিখে উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে শুরু হয়েছে। এই কর্মসূচির আওতায় মোট ২২১ জন শিক্ষার্থীকে ২০০মি.লি. প্রকল্প কর্তৃক সরবরাহকৃত ইউএসটিআই প্যাকেটজাত দুধ সপ্তাহে ০৫ কর্মদিবসে মোট তিন বছর বিনামূল্যে পান করানো হবে।<br>এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td>
<td>১) মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রমক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে এবং খামারিদের পশুর সংক্রমক রোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে হবে।<br><br>২) প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের স্কুল মিল্ক ফিডিং কর্মসূচির নিয়মিত মনিটরিং করতে হবে।</td>
<td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>মৎস্য বিভাগ</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় নিম্নোক্তভাবে তার দাপ্তরিক কার্যক্রম উপস্থাপন করেন:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>জাটকা সংরক্ষণে সচেতনতামূলক কার্যক্রম</td><td>০৫টি</td></tr>
<tr><td>০২</td><td>মাছের বাজারে ফরমালিন পরীক্ষা</td><td>০৮টি</td></tr>
<tr><td>০৩</td><td>মৎস্য চাষীকে পরামর্শ প্রদান</td><td>১৫জন</td></tr>
<tr><td>০৪</td><td>মৎস্য চাষীর খামার পরিদর্শন</td><td>০৬টি</td></tr>
<tr><td>০৫</td><td>মৎস্য চাষীর পুকুরের পানির গুনাগুণ পরীক্ষা</td><td>২২টি</td></tr>
<tr><td>০৬</td><td>প্রদর্শনী বাস্তবায়ন</td><td>০২টি</td></tr>
<tr><td>০৭</td><td>মৎস্য বাজার ও আড়ত পরিদর্শন</td><td>১৬টি</td></tr>
</table>
তিনি সভায় আর জানান যে, বিল নার্সারির আওতায় এ বছর ০৩টি বিল নার্সারির বরাদ্দ পাওয়া গেছে। প্রাথমিকভাবে কুলাঘাট, হারাটি ও গোকুন্ডা ইউনিয়নের বিল নির্বাচন করা হয়েছে। এছাড়া, বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td>
<td>(১) মৎস্য চাষীদের মাছের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে এবং মৎস্য খামারসমূহ নিয়মিত মনিটরিংসহ দেশীয় প্রজাতির মাছ চাষে চাষিদের উদ্বুদ্ধ করতে হবে।<br><br>(২) বিল নার্সারির উদ্বোধনীর অনুষ্ঠানে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।</td>
<td>সি: উপজেলা মৎস্য কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td>
<td>(ক) উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, চরবুদারু কাশিয়াবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়টি গত ০২ (দুই) বছর আগে নদীগর্ভে বিলীন হয়ে যায় কিন্তু খাস জমি/দানকৃত জমি না পাওয়ায় বিদ্যালয়টি কার্যক্রম চালানো সম্ভব হচ্ছে না। বর্তমানে বিদ্যালয়ের শিক্ষকমন্ডলীগণকে অন্যত্র ডেপুটেশনে দেওয়া হয়েছে। ঐ এলাকার কোমলমতি ছাত্রছাত্রীদের ভবিষ্যতের কথা বিবেচনা করে জরুরী ভিত্তিতে বিদ্যালয়ের জায়গার ব্যবস্থা করার জন্য চেয়ারম্যান বড়বাড়ী ইউনিয়ন পরিষদ কে অনুরোধ জানান।</td>
<td>(ক) চরবুদারু কশিয়াবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কমলমতী ছাত্রছাত্রীদের ভবিষ্যতের কথা বিবেচনা করে স্থানীয় জনপ্রতিনিধি, গণমান্য ও সুশিল সমাজের সাথে মতবিনিময় করে জরুরী ভিত্তিতে বিদ্যালয়টির জায়গার বন্দোবস্ত করতে হবে।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার<br>চেয়ারম্যান, বড়বাড়ী ইউনিয়ন পরিষদ</td>
</tr>
</table>

চলমান পাতা-০৩

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) সভায় উপজেলা শিক্ষা অফিসার আর জানান যে, পঞ্চগ্রাম ইউনিয়নের সিন্দুরমতি সরকারি প্রাথমিক বিদ্যালয়টি বাজার সংলগ্ন হওয়ায় বিদ্যালয়ের জমিতে কিছু দোকানপাঠ গড়ে উঠে ফলে বাউন্ডারী ওয়াল নির্মান করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | (খ) পঞ্চগ্রাম ইউনিয়নের সিন্দুরমতি সরকারি প্রাথমিক বিদ্যালয়টির জমিতে অবৈধ দোকান পাঠ থেকে থাকলে লিখিত ভাবে উচ্ছেদের জন্য জানাতে হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার<br>চেয়ারম্যান, পঞ্চগ্রাম ইউনিয়ন পরিষদ |
| ৬ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় মোট সক্ষম দম্পতি-৭৮,৮৩৯ জন, স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছেন-২৮জন, আইইউডি ২০, ইমপ্লান্ট ৬৪, ইনজেকটেবল ২৯৩৯ জন। খাবার বড়ি বিতরণ করা হয়েছে-১৬২৬৫ পিজ, কনডম- ৯৬৯৬ পিজ। মা ও শিশুস্বাস্থ্যসেবা এবং সাধারণ রোগীসেবা কার্যক্রম: মোট গর্ভবতী ২২৩৭ জন, গর্ভবতী সেবা ২০১৪ জন, গর্ভোত্তর সেবা ৬৮১ জন, ০-৫ বছরের শিশু সেবা ২৬৯৬ জন, সাধারণ রোগীর সেবা ৫০৫৯ জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ১) নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানসহ আবাসন, গুচ্ছগ্রাম ও আদর্শগ্রাম প্রকল্পে পরিবার পরিকল্পনা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে সেমিনার/মতবিনিময় সভার আয়োজন করতে হবে।<br>২) মা ও শিশু স্বাস্থ্যকেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন করাসহ সেবার মান বৃদ্ধি করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৭ | প্রকৌশল বিভাগ | (ক) উপজেলা প্রকৌশলী, লালমনিরহাট সদর সভায় জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি) প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের এ উপজেলায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের টেন্ডার বিজ্ঞপ্তি বাবদ পত্রিকার বিল ১,১৫,৬৪৮/- এবং ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি) প্রকল্পের টেন্ডার বিজ্ঞপ্তি বাবদ পত্রিকার বিল যথাক্রমে ১,৫১,১৬৮.৬৮ ও ২,৭৮,৫৭১.৮৭ টাকা বকেয়া রয়েছে। একুনে সর্বমোট (১,১৫,৬৪৮+১,৫১,১৬৮.৬৮ +২,৭৮,৫৭১.৮৭) = ৫,৪৫,৩৮৮.৫৫ টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা প্রয়োজন। তিনি সভায় উপস্থাপিত পত্রিকার বিলসমূহ অনুমোদনের অনুরোধ জানান। | (ক) চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি) প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন শেষ করতে হবে।<br><br>(খ) সভায় উপস্থাপিত ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের টেন্ডার বিজ্ঞপ্তি বাবদ পত্রিকার বিল ১,১৫,৬৪৮/- এবং ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি) প্রকল্পের টেন্ডার বিজ্ঞপ্তি বাবদ পত্রিকার বিল সর্বমোট ৫,৪৫,৩৮৮.৫৫ টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ নিমিত্ত স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পূর্বানুমোদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা প্রকৌশলী |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, সদর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগিতা সমাপ্ত হয়েছে এবং শিক্ষকদের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির বিষয় ভিত্তিক শিক্ষক সহায়িকা বিতরণ করার জন্য জেলা শিক্ষা অফিস থেকে সংগ্রহ করা হয়েছে। এ উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি কার্যক্রম নির্ধারিত সময় ২৭/০২/২০২৩ খ্রি. তারিখ থেকে ৩০/০৩/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করায় প্রতিষ্ঠান প্রধানগণের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন ০১/০৩/২০২৩ হতে ৩০/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে কলেজসমূহকে পত্র প্রেরণ করা হয়েছে। মার্চ/২০২৩ মাসে এমপিও ভূক্তির জন্য মাদ্রাসা পর্যায়ের ১৩টি আবেদনের মধ্যে ০২টি আবেদন ত্রুটিপূর্ণ হওয়ায় প্রতিষ্ঠান প্রধান বরাবর ফেরৎ প্রদান করা হয়েছে। সঠিক আবেদনসমূহ এমপিও ভূক্তির লক্ষ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। এ ছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) শিক্ষার মান বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং করতে হবে। কোথায় কোন অনিয়ম হলে তার বিরুদ্ধে লিখিত ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা/জনপ্রতিনিধিগণদের শিক্ষা প্রতিষ্ঠানসমুহ পরিদর্শন/ দর্শনের লক্ষ্যে পরিদর্শন ছক সরবরাহ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |

চলমান পাতা-০৪

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে নির্বাচনী এলাকা ভিত্তিক /সাধারণ কাবিখা, টিআর প্রকল্পের ১ম পর্যায়ের কাজ চলমান আছে। বীর নিবাস নির্মান কাজের ৫৭টি মধ্যে ৪৩টি বীর নিবাস নির্মান কাজ ঠিকাদার এখনো শুরুই করেনি। এ বিষয়ে বারংবার ঠিকাদারকে লিখিত এবং মৌখিক ভাবে কাজ শুরু এবং যথা সময়ের মধ্যে কাজ শেষ করার জন্য অনুরোধ জানানো হলেও এখনো কাজ শুরু করেনি। তিনি সভায় আরো জানান যে, বীর নিবাস নির্মাণ প্রকল্প পরিচালকের কার্যালয়ের গত ২৭/০২/২০২৩ খ্রি. তারিখের মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০২/২০২২/৪৭৬ নং স্মারক পত্রের নির্দেশনা মতে কার্যাদেশ পাওয়ার পর নির্মাণ কাজ শুরু না করলে উক্ত কার্যাদেশ বাতিলপূর্বক সরাসরি ক্রয় পদ্ধিতিতে (DPM) বীর নিবাসের নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। | ১) চলতি কাবিখা এবং টিআর প্রকল্পের চুড়ান্ত বিল প্রদানের পূর্বে অবশ্যই প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে সরজমিনে পরিদর্শনপূর্বক বিস্তারিত মতামতসহ প্রতিবেদন সংযুক্ত করে বিল উপস্থাপন করতে হবে।<br>২) বীর নিবাস নির্মাণ প্রকল্প পরিচালকের কার্যালয়ের ২৭/০২/২০২৩খ্রি. তারিখের মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০২/২০২২/৪৭৬ নং স্মারক পত্রের নির্দেশনা মতে যে সকল বীর নিবাসের কাজ বন্ধ রয়েছে বা শুরু করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে পত্র প্রেরণ করা হয়েছে। পত্র প্রাপ্তির পরেও যে সকল ঠিকাদার কাজ শুরু করেনি তাদের জামানত বাজেয়াপ্ত করে প্রকল্প পরিচালকের উল্লিখিত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, পল্লী সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে বিতরণকৃত ঋণের পরিমাণ ১,২৯,২২,২২৭/- টাকা, আদায়ের হার ৯৭%, পল্লী মাতৃকেন্দ্র (আর,এম,সি) কার্যক্রমে বিতরণকৃত ঋণের পরিমাণ ১৬,২২,৭০০/- টাকা, আদায়ের হার ৯০% এসিড দগ্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রমে বিতরণকৃত ঋণের পরিমান ১৭,০৩,৪৩৭/- টাকা, আদায়ের হার ৫৮% এবং আশ্রয়ণ প্রকল্পের বরাদ্দকৃত ২৩,০০,০০০/- টাকার মধ্যে বিতরণকৃত ঋনের পরিমাণ ৮,০২,০০০/- টাকা আদায়ের হার ৭১%। এছাড়াও বয়স্ক ভাতা উপকারভোগীর সংখ্যা ১৬,৫২৬ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতাভোগী ৯,৪৬৩ জন, প্রতিবন্ধী ভাতা ৩,৮৫৫ জন এবং শিক্ষা উপবৃত্তির আওতায় প্রতিবন্ধী শিক্ষার্থীর সংখ্যা ২১২জন, দলিত হরিজন বেদে জনগোষ্ঠির বিশেষ ভাতা প্রাপ্ত ৬৬ জন রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিতরণকৃত ঋণ আদায়ের হার আরো বৃদ্ধি করতে হবে। এছাড়াও বিভিন্ন উপকারভোগী ভাতা প্রদানের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১২ | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ১৩ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |
| ১৪ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় ৮২টি করাত কলের মধ্যে শুধু মাত্র ১২টির বৈধ লাইসেন্স রয়েছে। ২২টি করাত কলের মালিক লাইসেন্স এর জন্য আবেদন করেছেন। অবৈধ করাত কলগুলোর তালিকা ইতোমধ্যেই উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়েছে। তিনি সভায় অবৈধ করাত কলের মালিকগণের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | এ উপজেলায় অবৈধ করাতকলের মালিকগণের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসারের সাথে তারিখ ও সময় নির্ধারণ করে সমন্বয় করতে হবে। | ফরেস্টার, বন বিভাগ |
| ১৫ | বিআরডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | (১) সার্টিফিকেট মামলাগুলো দুত নিষ্পত্তির কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |

চলমান পাতা-০৫

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | মহিলা বিষয়ক অধিদফতর | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর এর প্রতিনীধি সভায় সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদফতর, লালমনিরহাট |
| ১৭ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), লালমনিরহাট সদর সভায় জানান যে, মুজিব বর্ষের আওতায় ৩য় ফেজে নির্মিত ২৪২টি ঘরের মধ্যে প্রতি ১০টি পরিবারে ০১টি করে পানির উৎস স্থাপনের জন্য সার্ভেকৃত ২৩টি স্থানে অতিদ্রুত নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া সমগ্র বাংলাদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় মাননীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত ০৯টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ব্যবস্থার সাইট এবং ওয়াটস্যান কমিটি কর্তৃক মুজিব বর্ষের জন্য নির্মিত ঘরে প্রদত্ত ০৯টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ব্যবস্থার সাইটের মধ্যে মাননীয় সংসদ সদস্য মহোদয় কর্তৃক প্রদত্ত সাইটে কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মুজিব বর্ষের জন্য নির্মিত ঘরে ২৩টি স্থানে নলকূপ স্থাপনের কাজ নির্ধারিত সময়ের মধ্যে কাজের গুনগতমান নিশ্চিত করে শেষ করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৮ | যুব উন্নয়ন অধিদপ্তর | সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লালমনিরহাট সদর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৯ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা লালমনিরহাট সদর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২০ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, লালমনিরহাট সদর সভায় জানান যে, দারিদ্র বিমোচন কর্মসূচির আওতায় এ উপজেলায় গৃহীত ১৪টি আশ্রয়ণ/আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পে পুনর্বাসিত ২২২১ জন সদস্যের মধ্যে এ পর্যন্ত বিতরণকৃত ঋণের পরিমাণ ১৫,৬৬৭,১৫০/- টাকা, আদায়কৃত ঋণের পরিমাণ ৭৭,৮৮৫৭৮.৫০ টাকা এবং খেলাপী ঋণের পরিমাণ ৯০,৬১০০৭.৫ টাকা। তিনি খেলাপী ঋণ আদায়ের ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করেন। | (১) উপকারভোগী নির্বাচন এবং ঋণ বিতরনের ক্ষেত্রে যথাযথ নিয়ম অনুসরণপূর্বক স্থানীয় জনপ্রতিনিধিগণ কে অবগত করতে হবে। ঋণ খেলাপীদের ঋণ আদায়ের যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(২) আশ্রয়ন প্রকল্পের কোন কোন ঘরগুলোতে উপকারভোগীগণ থাকছেন না তার একটি তালিকা উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ২১ | আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৩ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা। |
| ২৪ | পল্লী জীবিকায়ন প্রকল্প। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন প্রকল্প, সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রকল্প কর্মকর্তা |
| ২৫ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ |
| ২৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প |
| ২৭ | ইনোভেশন সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এবং নাগরিক সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌছানোর লক্ষ্যে নতুন নতুন ইনোভেশন বা সৃজনশীল প্রস্তাব প্রেরণের জন্য ইতোপূর্বে উপজেলার সকল দপ্তরে নমুনা গাইড প্রেরণ করা হয়েছে। কিন্তু কোন দপ্তর থেকে অদ্যাবধি প্রস্তাব পাওয়া যায়নি। তিনি সভায় সংশ্লিষ্ট সকলকে নমুনা গাইড মোতাবেক ইনোভেশন আইডিয়া জমা প্রদানের জন্য পুনরায় অনুরোধ করেন। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর থেকে ইনোভেশন আইডিয়া গ্রহণ করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৮ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগের গত ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫.২০২২-৮২৭৫ নং স্মারক পত্রের নির্দেশনা মতে এ উপজেলায় ৩১ মার্চ ২০২৩ তারিখের মধ্যে অবকাঠামো ও সক্ষমতা উন্নয়নমুলক উপ-প্রকল্পের কাজ সম্পন্ন হবে না তার তালিকা ছক মোতাবেক প্রেরণ করতে হবে। | ৩১ মার্চ ২০২৩ তারিখের মধ্যে এ উপজেলায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অবকাঠামো ও সক্ষমতা উন্নয়নমুলক উপ-প্রকল্পের কাজ সম্পন্ন হবে না তার তালিকা ছক মোতাবেক প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| ২৯ | বিবিধ | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, তিস্তা সড়ক সেতু সংলগ্ন পিকনিক /টুরিস্ট স্পটটি ইজারা প্রদানের নিমিত্ত ১ম, ২য়, ও ৩য় সর্বোচ্চ দরপত্র দাতাগনকে অর্থ জমাদানের নিমিত্ত পত্র প্রদান করা হলে কেউ অর্থ জমা প্রদান করেননি। সেমতে সর্বোচ্চ দরপত্র দাতা ০৩ (তিন) জনের জামানত বাতিলের প্রস্তাবসহ পুনঃদরপত্র বিজ্ঞপ্তিতে ৩০% জামানত জমার শর্ত আরোপ করার প্রস্তাব করেন। | তিস্তা সড়ক সেতু সংলগ্ন পিকনিক /টুরিস্ট স্পটটি ইজারা প্রদানের নিমিত্ত ১ম, ২য়, ও ৩য় সর্বোচ্চ দরপত্র দাতাগনকে ইজারা মূল্য জমাদানের নিমিত্ত পত্র প্রদান করা হলেও যেহেতু কেউ অর্থ জমা প্রদান করেননি। সেহেতু ১ম, ২য়, ও ৩য় সর্বোচ্চ দরপত্র দাতাগনের জামানত বাজেয়াপ্ত করাসহ ৩০% জামানত জমার শর্ত আরোপ করে পুনঃ বিজ্ঞপ্তি জারির সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো: কামরুজ্জামান সুজন)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট
sadar.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২৫৫.০০০.০৫.০৭৪.২২ - ২৮১ (৪০)　　　তারিখ: ২১ চৈত্র ১৪২৯ / ০৪ এপ্রিল, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. মাননীয় সংসদ সদস্য, ১৮-লালমনিরহাট-৩ লালমনিরহাট সদর, লালমনিরহাট
০২. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর
০৩. জেলা প্রশাসক, লালমনিরহাট
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৭. উপজেলা.............................অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৮. জনাব.............................লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৯. সহকারী প্রোগ্রামার, লালমনিরহাট সদর। তাকেঁ (সভার কার্যবিবরনীটি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

০৪/০৪/২০২৩
(জান্নাতআরা ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট
ফোন-০২৫৮৯৯৮৬৮৩৫ (অফিস)